


ব্রাউজার ও সার্চ ইঞ্জিন ব্যবহারে করণীয় এবং বর্জনীয়



Digital
Literacy
Center



বুঝছো রুমি
ইন্টারনেট ব্যবহার সহজ
কিন্তু এত তথ্যের ভীড়ে
আসল তথ্য খুঁজে বের
করা ঝামেলা।

হ্যাঁ সব ঝামেলারই
সমাধান আছে।

তাই?

হ্যাঁ সকল ব্রাউজার ও সার্চ ইঞ্জিন ব্যবহার
করে তথ্য অনুসন্ধান করার ক্ষেত্রে কিছু
করণীয় ও বর্জনীয় কাজ রয়েছে।

সেগুলো অনুসরণ করলে তথ্য খুঁজে পাওয়া ও
তথ্যের যথার্থতা নিশ্চিত করা সহজ হয়।

ব্রাউজার ও সার্চ ইঞ্জিন
ব্যবহার করে তথ্য
অনুসন্ধান করার ক্ষেত্রে
করণীয় কী বলোতো

শোনো জোড় উদ্ধৃতি চিহ্ন (“”) ব্যবহার করে
কোনো তথ্য খুঁজলে কেবলমাত্র কাঙ্ক্ষিত
কী-ওয়ার্ড সংক্রান্ত তথ্যগুলোই পাওয়া যাবে।

তারপর নির্দিষ্ট ওয়েবসাইট থেকে তথ্য পেতে
কী-ওয়ার্ড এর পাশাপাশি ওয়েব সাইটের
ঠিকানা লিখে সার্চ করলে গুগল শুধুমাত্র ঐ
ওয়েব সাইটে সার্চ করে তথ্যটি তুলে ধরবে।

নির্দিষ্ট ফরম্যাটের ফাইল খোঁজার জন্য 'ফাইলের
ধরণ' (pdf, docx, ইত্যাদি) লিখতে হবে।

আচ্ছা
তারপর?

তারপর একই নামে একাধিক ধরনের তথ্য থাকলে কাঙ্ক্ষিত তথ্যের পূর্বে যোগ চিহ্ন ব্যবহার করতে হবে।

এবং অপ্রয়োজনীয় তথ্যের আগে বিয়োগ চিহ্ন ব্যবহার করতে হবে।

নির্দিষ্ট সময়ের তথ্য খোঁজার জন্য টুলসে ক্লিক করলে Any time অর্থাৎ যেকোনো সময়ের তথ্যের অপশন আসবে, এটি বদলে গত এক ঘণ্টা, এক দিন, এক সপ্তাহ, এক মাস কিংবা এক বছর করার মাধ্যমে নির্দিষ্ট তারিখের তথ্য পাওয়া যায়।

এছাড়া তথ্য খোঁজার পাশাপাশি গুগলে ছবি, ভিডিও, খবর, মানচিত্র, বই খোঁজা যায়। এদের মধ্যে বিশেষ করে গুগল ইমেজ সার্চ খুব কাজের।

দারুণ!
এখন বলো ব্রাউজার
ও সার্চ ইঞ্জিন ব্যবহার করে
তথ্য অনুসন্ধান করার ক্ষেত্রে
বর্জনীয় বিষয়গুলো কী?

শোনো কোনো নির্দিষ্ট লক্ষ্য ও কৌশল ছাড়াই
অযথা তথ্য অনুসন্ধান করবে না।

তারপর কোনো তথ্য জানতে চাইলে সেই সংক্রান্ত
মৌলিক শব্দগুলো ব্যবহার করে তথ্য খুঁজবে।

সম্পূর্ণ ইন্টারনেট জুড়ে অনুসন্ধান করবে
না। বরং, নির্দিষ্ট ওয়েবসাইটের ঠিকানা
ব্যবহার করে তথ্য খুঁজবে।

